গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৪৮/২০১৮-২০১৯

ঢাকা, সোমবার ২৮ জানুয়ারি ২০১৯, ১৫ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। কর্মস্থলে চিকিৎসককে পাওয়া না গেলে সঙ্গে সঙ্গে ওএসডি করা হবে :
চিকিৎসকদের উদ্দেশে প্রধানমন্ত্রীর হুঁশিয়ারি
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাপান ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন
৩। ভাইস অ্যাডমিরাল র‍্যাঙ্ক ব্যাজ পরলেন নবনিযুক্ত নৌ প্রধান
বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও শিখা অনির্বাণে শ্রদ্ধা নিবেদন
৪। কূটনীতিকদের সঙ্গে প্রধানমন্ত্রীর চা-চক্র আজ
৫। জাতীয় সংসদ ভবন সংশ্লিষ্ট লুই আই কানের মহাপরিকল্পনার নকশা হস্তান্তর করলেন স্পিকার
৬। শুধু উন্নয়ন নয়, মানুষকে সম্মান করতে হবে : সেতুমন্ত্রী
৭। সাংবাদিকদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে হবে : তথ্যমন্ত্রী
৮। বিদেশে পালিয়ে থাকা দণ্ডিতদের ফিরিয়ে আনা হবে : পররাষ্ট্রমন্ত্রী
৯। মার্চে বাংলাদেশ-ভারত পর্যটকবাহী নৌযান চালু
ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারের সঙ্গে মতবিনিময় শেষে বাণিজ্যমন্ত্রী
১০। জিআই নিবন্ধন সনদ পেল ক্ষিরসাপাত আম
১১। চীন-মালয়েশিয়া-থাইল্যান্ডের সঙ্গে রেল যোগাযোগ স্থাপিত হবে : রেলমন্ত্রী
১২। প্রতিবন্ধীদের কেন্দ্রীয় তথ্য ভাণ্ডারের আওতায় আনবে সরকার : আইসিটি প্রতিমন্ত্রী
১৩। গার্মেন্টসের মজুরি বিষয়ে সরকারের উদ্যোগ প্রশংসনীয় : ইউরোপীয় ইউনিয়ন
১৪। গাইবান্ধা-৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী ডা. ইউনুস জয়ী
১৫। পুলিশ সেবা সপ্তাহ শুরু

চলমান পাতা-২

১। **কর্মস্থলে চিকিৎসককে পাওয়া না গেলে সঙ্গে সঙ্গে ওএসডি করা হবে : চিকিৎসকদের উদ্দেশে প্রধানমন্ত্রীর হুঁশিয়ারি**

সরকারি হাসপাতালে কর্মরত চিকিৎসক ও নার্সদের উদ্দেশে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, কর্মস্থলে চিকিৎসককে পাওয়া না গেলে সঙ্গে সঙ্গে ওএসডি করা হবে। ফাঁকিবাজ চিকিৎসক ও নার্সদের দরকার নেই। স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নির্দেশনা দিয়ে প্রধানমন্ত্রী বলেন, দায়িত্বে অবহেলা করলে চিকিৎসক ও নার্সদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। প্রধানমন্ত্রী বলেন, স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক এবং নার্সদের না থাকার অনবরত অভিযোগ রয়েছে। এ জন্য প্রতিটি হাসপাতালে অনুপস্থিতির বিষয় তদারকির জন্য বায়োমেট্রিক রেজিস্ট্রেশন ব্যবস্থাও চালু করতে হবে। নার্সরা সেবা দিতে অনীহা দেখালে তাদেরও চাকরি ছেড়ে দিতে বলেছেন প্রধানমন্ত্রী। পাশাপাশি বেসরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কী ধরনের পড়াশোনা হচ্ছে, সে বিষয়ে তদারকি বাড়ানোর নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল (২৭ জানুয়ারি রোববার) স্বাস্থ্য মন্ত্রণালয় পরিদর্শনে গিয়ে মন্ত্রী ও ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়ে প্রধানমন্ত্রী এ কঠোর নির্দেশনা দেন। সূত্র : **সমকাল (**পৃ.১,ক.৬**), সংবাদ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাপান ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**

জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন চতুর্থ মেয়াদে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে পুনর্নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। গতকাল (২৭ জানুয়ারি রোববার) শিনজো আবে এক অভিনন্দন বার্তায় বলেন, জাপানের সরকার ও জনগণের পক্ষে চতুর্থবারের জন্য প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিবাদন জানাই। জাপান তাঁর সরকারকে অব্যাহতভাবে সমর্থন দিয়ে যাবে। একইদিন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী তাঁর অভিনন্দন বার্তায় ভারত মহাসাগরীয় অঞ্চলে বাংলাদেশকে অকৃত্রিম অংশীদার হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, প্রবৃদ্ধি ও স্থিতিশীলতা এবং অভিন্ন স্বার্থে আমরা বাংলাদেশের সঙ্গে কাজ করে যাব। এদিকে বসনিয়া ও হারজেগোভিনার মন্ত্রিপরিষদের চেয়ারম্যান ড. ডেনিস ভিজডিকও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গতকাল (২৭ জানুয়ারি রোববার) অভিনন্দন জানিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫) **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

৩। **ভাইস এডমিরাল র‌্যাঙ্ক ব্যাজ পরলেন নবনিযুক্ত নৌ প্রধান বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও শিখা অনির্বাণে শ্রদ্ধা নিবেদন**

নবনিযুক্ত নৌবাহিনী প্রধান ভাইস এডমিরাল আবু মোজাফ্‌ফর মহিউদ্দিন মোহাম্মদ আওরঙ্গজেব চৌধুরীকে র‌্যাঙ্ক ব্যাজ পরানো হয়েছে। গতকাল (২৭ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ ও বিমানবাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত নৌবাহিনী প্রধানকে ভাইস এডমিরাল র‌্যাঙ্ক পরিয়ে দেন। পরে নৌবাহিনী প্রধান ধানমণ্ডি **৩২** নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৪। **কূটনীতিকদের সঙ্গে প্রধানমন্ত্রীর চা-চক্র আজ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ের মাধ্যমে সরকার গঠনের পর আজ (২৮ জানুয়ারি সোমবার) প্রথমবারের মতো ঢাকাস্থ বিদেশি দূতাবাসগুলোর রাষ্ট্রদূত, হাইকমিশনার ও মিশনপ্রধানদের সঙ্গে চা-চক্রে বসবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৭ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ তথ্য জানা গেছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১,ক.৮)।

৫। **জাতীয় সংসদ ভবন সংশ্লিষ্ট লুই আই কানের মহাপরিকল্পনার নকশা হস্তান্তর করলেন স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী পেনসিলভ্যানিয়া ইউনিভার্সিটির আর্কিটেকচারাল আর্কাইভ থেকে সংগৃহীত বিখ্যাত স্থপতি লুই আই কান ডিজাইনকৃত জাতীয় সংসদ কমপ্লেক্স ও সংশ্লিষ্ট এলাকার মহাপরিকল্পনা এবং মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত স্থাপত্য নকশা স্থাপত্য অধিদফতর ও ন্যাশনাল আর্কাইভ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছেন। গতকাল (২৭ জানুয়ারি রোববার) স্পিকারের কার্যালয়ে স্থাপত্য অধিদফতরের পক্ষে প্রধান স্থপতি কাজী গোলাম নাসির ও ন্যাশনাল আর্কাইভের পক্ষে মহাপরিচালক দিলীপ কুমার সাহা **১** সেট নকশা স্পিকারের কাছ থেকে গ্রহণ করেন। সূত্র : **সংবাদ (শেষ** পৃ,ক.৬**), ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৬।　শুধু উন্নয়ন নয়, মানুষকে সম্মান করতে হবে : সেতুমন্ত্রী**

মানুষের সঙ্গে ভালো ব্যবহার করার পরামর্শ দিয়ে দলের নেতাকর্মীদের উদ্দেশে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, শুধু উন্নয়ন করলে হবে না, উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষকে সম্মান করতে হবে, ভালো ব্যবহার করতে হবে। নোয়াখালীর হাতিয়া দ্বীপ সরকারি কলেজ মাঠে গতকাল (২৭ জানুয়ারি রোববার) এক জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, সাধারণ মানুষ ভোট দিয়ে আওয়ামী লীগকে যে সম্মান দেখিয়েছেন, আওয়ামী লীগও উন্নয়নের মাধ্যমে সাধারণ মানুষের সম্মানের উপযুক্ত প্রতিদান দেবে। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

**৭।　সাংবাদিকদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, সংবাদ মাধ্যম হচ্ছে সমাজের দর্পণ। সংবাদপত্রের স্বাধীনতা ও সংবাদপত্রে গঠনমূলক সমালোচনা থাকা সমস্যা নয়। সাংবাদিকদের গ্রহণযোগ্য ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে হবে। সাংবাদিকদের আবাসনের কথা তুলে ধরে তিনি বলেন, সাংবাদিকদের আবাসনের ব্যবস্থা সরকারের নির্বাচনি ইশতেহারে রয়েছে, এটা অবশ্যই করা হবে। অনলাইন সাংবাদিকদের বিষয়ে তিনি বলেন, এখন তথ্যপ্রযুক্তির যুগ, অনেকেই সংবাদপত্র পড়ে না। অনলাইনে সংবাদ পড়ে। এজন্য অনলাইনের প্রয়োজন রয়েছে। যারা অনেকেক্ষেত্রে দায়বদ্ধতা রেখে কাজ করছে, তাদের আমি সাধুবাদ জানাই। তবে সম্প্রচার নীতিমালার মাধ্যমে সব অনলাইনগুলোকে একটি নিয়মনীতির মধ্যে আনতে হবে। তথ্যমন্ত্রী গতকাল (২৭ জানুয়ারি রোববার) চট্টগ্রাম প্রেসক্লাব আয়োজিত প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সম্মেলনের উদ্বোধনী দিনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৮।　বিদেশে পালিয়ে থাকা দণ্ডিতদের ফিরিয়ে আনা হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বিদেশে অবস্থানরত খুনি ও দণ্ডিত অপরাধীদের দেশে ফিরিয়ে আনা হবে। গতকাল (২৭ জানুয়ারি রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক এর সৌজন্য সাক্ষাৎ শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, বিদেশে পালিয়ে থাকা সব খুনি ও দণ্ডিত অপরাধীকে দেশে ফিরিয়ে আনা হবে। দণ্ডপ্রাপ্ত তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনতে আইন মন্ত্রণালয় কাজ করছে বলেও তিনি জানান। তিনি আরও বলেন, রোহিঙ্গা সংকটে যুক্তরাজ্য বাংলাদেশের পক্ষে দৃঢ় ও ইতিবাচক ভূমিকা রাখছে বলে ব্রিটিশ রাষ্ট্রদূত বৈঠকে তাঁকে অবহিত করেছেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৯।　মার্চে বাংলাদেশ-ভারত পর্যটকবাহী নৌযান চালু**
**ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারের সঙ্গে মতবিনিময় শেষে বাণিজ্যমন্ত্রী**

আগামী মার্চে বাংলাদেশ ও ভারত উভয়দেশের মধ্যে পর্যটকবাহী নৌযান চালু হবে। এতে উভয়দেশের পর্যটকরা নৌপথে ভ্রমণ করতে পারবেন। গতকাল (২৭ জানুয়ারি রোববার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার ড. আদর্শ সোয়াইকার সঙ্গে মতবিনিময় শেষে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি সাংবাদিকদের এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, দিনাজপুরের চিলাহাটি সীমান্তে একটি স্থলবন্দর নির্মাণের জন্য বাংলাদেশ প্রস্তাব দিয়েছে। এছাড়া চলমান বর্ডার হাটের পাশাপাশি আরো ছয়টি নতুন বর্ডারহাট চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, ভারত বাংলাদেশিদের ভিসা সহজ করতে রাজধানী ঢাকার বাইরে বিভিন্ন স্থানে **১৫**টি ভিসা ইস্যু সেন্টার চালু করেছে। চলমান বর্ডার হাটের সমস্যাগুলো চিহ্নিত করে তা দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**১০।　জিআই নিবন্ধন সনদ পেল ক্ষিরসাপাত আম**

দেশের তৃতীয় ভৌগোলিক নির্দেকশ পণ্য হিসেবে জিআই নিবন্ধন সনদ পেল চাঁপাইনবাবগঞ্জের ক্ষিরসাপাত আম। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাঁপাইনবাবগঞ্জ আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণাকেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শফিকুল ইসলামের হাতে গতকাল (২৭ জানুয়ারি রোববার) এ সনদ তুলে দেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী বলেন, এ আম দিয়ে বাঙালি জাতির নিজস্ব পরিচয় বিশ্ব দরবারে তুলে ধরা সম্ভব। তিনি আমকেন্দ্রিক গবেষণা এবং কৃষিভিত্তিক শিল্পায়নে বর্তমান সরকারের সহায়তা অব্যাহত থাকবে বলে উল্লেখ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**১১। চীন-মালয়েশিয়া-থাইল্যান্ডের সঙ্গে রেল যোগাযোগ স্থাপিত হবে : রেলমন্ত্রী**

চট্টগ্রামের দোহাজারী-কক্সবাজার-ঘুমধুম রেললাইন প্রকল্পটি ট্রান্স এশিয়ার সঙ্গে যুক্ত হয়ে চীন, মালয়েশিয়া ও থাইল্যান্ড পর্যন্ত সম্প্রসারণ করা হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী মোঃ নূরুল ইসলাম সুজন। গতকাল (২৭ জানুয়ারি রোববার) চট্টগ্রামে সিআরবি জিএম কনফারেন্স রুমে বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও রেলওয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি এ কথা বলেন। রেলমন্ত্রী বলেন, দেশের অভ্যন্তরীণ রেল যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করা হচ্ছে। ঢাকা-চট্টগ্রাম রুটে হাইস্পিড ট্রেন প্রকল্পটি চালু হলে নন স্টপে ৫৭ মিনিটে ঢাকা চট্টগ্রামে যাওয়া যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৬)।

**১২। প্রতিবন্ধীদের কেন্দ্রীয় তথ্য ভাণ্ডারের আওতায় আনবে সরকার : আইসিটি প্রতিমন্ত্রী**

দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানে স্বনির্ভর করে তুলতে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে সরকার। দেশে যে সকল প্রতিবন্ধী জনগোষ্ঠী রয়েছে তাদের কেন্দ্রীয় তথ্য ভাণ্ডারের (সেন্ট্রাল ডাটা বেজ) আওতায় আনা হবে। এছাড়াও তারা যেন যোগ্যতা অনুযায়ী চাকরি পেতে পারে এবং উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা হতে পারে সে লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হবে। গতকাল (২৭ জানুয়ারি রোববার) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে আইসিটি বিভাগের অধীন বিসিসি'র ৬টি আঞ্চলিক কার্যালয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 'নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার প্রকল্প' এর আওতায় কম্পিউটার ট্রেনিং কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধনকালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**১৩। গার্মেন্টসের মজুরি বিষয়ে সরকারের উদ্যোগ প্রশংসনীয় : ইউরোপীয় ইউনিয়ন**

গার্মেন্টস শিল্পে মজুরি বিষয়ে সৃষ্ট শ্রম অসন্তোষ সমাধানে গৃহীত পদক্ষেপের জন্য সরকারের প্রশংসা করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। গতকাল (২৭ জানুয়ারি রোববার) সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের সাথে ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত রেনসে তেরিঙ্ক সৌজন্য সাক্ষাৎকালে এ প্রশংসা জানান। রাষ্ট্রদূত সুষ্ঠু ও শান্তিপূর্ণ কর্মপরিবেশ নিশ্চিত করতে এবং শ্রমিকদের জীবনমান উন্নয়নে সরকারের সকল উদ্যোগকে স্বাগত জানান। আলোচনাকালে গার্মেন্টস শিল্প শ্রমিকদের জন্য দেওয়া ইইউ'র বিভিন্ন সহযোগিতার কথা উল্লেখ করে প্রতিমন্ত্রী নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টিতে গার্মেন্টস শিল্পের বাইরে অন্যান্য খাতেও কারিগরি সহযোগিতা চেয়েছেন। আগামীতে গার্মেন্টসের পাশাপাশি অন্যান্য ক্ষেত্রেও সহযোগিতার পরিমাণ বৃদ্ধি পাবে বলে রাষ্ট্রদূত আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৭)।

**১৪। গাইবান্ধা-৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী ডা. ইউনুস জয়ী**

একাদশ সংসদ নির্বাচনে স্থগিত হওয়া গাইবান্ধা-৩ (সাদুল্লাপুর-পলাশবাড়ী) আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ডা. মো. ইউনুস আলী সরকার নৌকা প্রতীক নিয়ে জয়লাভ করেছেন। তিনি ১ লাখ ২১ হাজার ১৬৩ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টির প্রার্থী ব্যারিস্টার দিলারা খন্দকার শিল্পী লাঙল প্রতীকে ২৪ হাজার ৩৮৫ ভোট পেয়েছেন। গতকাল (২৭ জানুয়ারি রোববার) এ আসনে ভোট অনুষ্ঠিত হয়। রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক আবদুল মতিন জানান, নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১৫। পুলিশ সেবা সপ্তাহ শুরু**

পুলিশি সেবা পাওয়ার বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করতে ও পুলিশি সেবা সহজ করার লক্ষ্যে দেশব্যাপী পুলিশ সেবা সপ্তাহ শুরু হয়েছে। গতকাল (২৭ জানুয়ারি রোববার) থেকে শুরু হওয়া এ সচেতনতামূলক কর্মসূচি চলবে আগামী ২ ফেব্রুয়ারি শনিবার পর্যন্ত। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** ফসলি জমি ও বিভিন্ন জলাশয় থেকে অবৈধভাবে মাটি তুলে বিভিন্ন ইটভাটায় ব্যবহার করায় পরিবেশ ঝুঁকির মধ্যে পড়ছে উল্লেখ করে এ ধরনের অন্যায়ের সাথে জড়িতদের কঠোর শাস্তির দাবি।

**খ.** **সমকাল :** গভীর সমুদ্রে সম্পদ অনুসন্ধান ও আহরণে মহাপরিকল্পনা নিয়ে সরকার নতুন করে সক্রিয় হচ্ছে এ খবরে সন্তোষ প্রকাশ করে দ্রুত তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **বণিকবার্তা :** শব্দদূষণ ক্রমেই রাজধানীবাসীর জীবনকে বিপর্যস্ত করে তুলছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

**ঘ.** **যুগান্তর :** দেশে শিশু অপহরণ ও হত্যা উদ্বেগজনকভাবে বাড়ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে এসব ঘটনার জন্য দায়ীদের চিহ্নিত করে কঠোর শাস্তির দাবি।

**ঙ.** **সংবাদ :** চলতি বছরের প্রথম ২৩ দিনেই সড়ক দুর্ঘটনায় ২৪৯ জনের প্রাণ গেছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে গোটা দেশের সড়ক মহাসড়ক ইঞ্জিনিয়ারিংয়ের আওতায় এনে উন্নত ও নিরাপদ করার ওপর গুরুত্বারোপ।

**চ.** **নিউ নেশন :** ক্ষিরসাপাত আম জিআই সার্টিফিকেট পাওয়ায় স্বাগত জানিয়ে এ ধরনের স্বীকৃতি দেশের ভাবমূর্তি উজ্জ্বল করবে বলে মন্তব্য।

**ছ.** **ডেইলি সান :** পাইকারি বাজার থেকে খুচরা বাজারে শাকসবজির মূল্য ১০০-৩০০ শতাংশ বেশি থাকায় কৃষকের স্বার্থ রক্ষায় শাকসবজির বাজারকে মধ্যস্বত্বভোগী সিন্ডিকেটের হাত থেকে রক্ষা করার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উচ্চশিক্ষার ব্যাপারে ইউজিসির ভূমিকা আরও শক্তিশালী করা দরকার।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'সবার মাতৃভাষাই সমান গুরুত্বপূর্ণ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ভাষা নিয়ে বিশ্ব সম্প্রদায়ের উদ্যোগের পাশাপাশি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, সিভিল সোসাইটিসহ সংশ্লিষ্ট সংগঠনগুলোকে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা উচিত।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা